

# সমকাল

## ভাষা শহীদদের প্রতি বশেমুরবিপ্রবিপি উপাচার্যের শ্রদ্ধা

প্রকাশ: ২১ ফেব্রুয়ারি ২৩ | ০১:৩৯ | আপডেট: ২১ ফেব্রুয়ারি ২৩ | ১৬:৩২

পিরোজপুর প্রতিনিধি



ছবি: সমকাল

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর (বশেমুরবিপ্রবিপি)-এর উপাচার্য অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন।

মঙ্গলবার (২১ ফেব্রুয়ারি) রাত ১২টা ১ মিনিটে পিরোজপুরের কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন তিনি।

শ্রদ্ধাজ্ঞাপনকালে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. অলোক কুমার সাহা, পিরোজপুর সরকারি সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ প্রফেসর সৈয়দ আলী আজমসহ কলেজের উপধ্যক্ষ, শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ তাঁর সঙ্গে ছিলেন।